

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 17-06-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

.....

**id-ul-zuha :**

আজ পবিত্র ঈদ-উল-জোহা। মুসলিম ধর্মান্বিতদের অন্যতম প্রধান উৎসব হল এই ঈদ-উল-জোহা। যা কুরবানীর ঈদ উৎসব নামে পরিচিত। আল্লাহর নামে আত্মত্যাগই এই দিনটির মূল তাৎপর্য। নিজের প্রিয় কিছুকে আল্লাহর নামে কুরবানী করার মধ্য দিয়ে আনন্দের বার্তা নিয়েই অনুষ্ঠিত হয় ঈদ-উল-জোহা। গোটা বিশ্ব এবং দেশের সাথে রাজ্যের ধর্মপ্রাণ মুসলিমরা কুরবানী ঈদ পালন করছেন। এদিন সকালে ঈদের নামাজ হবে এবং পরে ধর্মপ্রাণরা বাড়িতে হালাল চার পায়ের পশু কুরবানী করবেন। সেই কুরবানীর প্রাণী এলাকার গরিব এবং আত্মীয় পরিজনদের মধ্যে বিলি করা হবে। প্রতিবছরের মতো এবারো রাজ্যে ঈদের মূল নামাজ হবে আগরতলা গেদু মিয়া মসজিদে। সকাল ৮টায় গেদু মিয়া মসজিদে ঈদের নামাজ পাঠ করবেন মৌলানা আব্দুর রহমান। সঙ্গে থাকবেন মৌলানা মইনুল হক। একই সাথে রাজ্যের সর্বত্রই মসজিদ এবং ঈদগাহ গুলোতে ঈদের নামাজ আদায় হবে।

\*\*\*\*\*

**Kanchanjangha Express :**

কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসকে বরন করার প্রস্তুতি শুরু হয়েছে সাব্রুমে। আজ সন্ধ্যায় ট্রেনটি সাব্রুমে এসে পৌঁছালে উলুধ্বনি, শঙ্খধ্বনির মাধ্যমে স্থানীয় মানুষজন ট্রেনটি বরন করে নেওয়ার প্রস্তুতি নিয়েছেন বলে জানান সাব্রুমের বাসিন্দা লোক গবেষক অশোকানন্দ রায় বর্ধন। প্রসঙ্গত, গতকাল সকালে শিয়ালদহ স্টেশন থেকে ট্রেনটি সাব্রুমের দিকে রওয়ানা হয়েছে।

\*\*\*\*\*

#### **Statement of Tripura Police:**

পুলিশ সদর দপ্তর গতকাল এক বিবৃতিতে জানিয়েছে, সামাজিক মাধ্যমে রাজ্যে বিভিন্ন এলাকা থেকে বেশকিছু মানুষ নিখোঁজ হয়ে যাওয়ার গুজব রটানো হচ্ছে। বিবৃতিতে আরও বলা হয়েছে, কিছু মানুষের নিখোঁজের অভিযোগ পাওয়া গেলেও এর বেশিরভাগ উদ্ধার করা হয়েছে। বাকিদের খোঁজ চলছে। এই বিষয়ে আতঙ্কিত হয়ে গুজব না রটাতে আবেদন জানিয়েছে পুলিশ সদর দপ্তর।

\*\*\*\*\*

#### **MLA Dipankar sen Visit Subashnagar Area:**

বিধায়ক দীপংকর সেন গতকাল সন্ধ্যায় বিলোনিয়া বিধানসভা এলাকার বল্লামুখা সুভাষনগর এলাকায় গিয়ে স্থানীয় চৌদ্দ দেবতা মন্দির প্রাঙ্গণে গ্রাম প্রধান শংকরী সরকার সহ এলাকার অন্যান্য মানুষজনের সঙ্গে এক সভায় মিলিত হন। গ্রামপ্রধান ও স্থানীয় মানুষজন এলাকার মূল রাস্তাটির সংস্কার এবং আশ্রমের উন্নয়নে বিভিন্ন প্রস্তাব তুলে ধরেন। তিনি জানান, বিলোনিয়া - রাজনগর সড়ক থেকে সুভাষনগর হয়ে উত্তর

ভারত চন্দ্র নগর পর্যন্ত যে রাস্তাটির সংস্কার এবং প্রশস্তিকরনের জন্য ১ মাস আগেই মুখ্যমন্ত্রীর কাছে প্রস্তাব পাঠিয়েছেন তিনি। চৌদ্দ দেবতা বাড়ির উন্নয়নে তিনি বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে অর্থ বরাদ্দ করার প্রতিশ্রুতি দেন। এলাকায় ব্যবহারের অযোগ্য পানীয় জল সরবরাহ করা হচ্ছে বলেও বিধায়কের কাছে অভিযোগ করেন স্থানীয় মানুষজন। তিনি বিষয়টি দপ্তরের আধিকারিকদের নজরে নেবেন বলে এলাকার মানুষদের আশ্বস্ত করেন।

\*\*\*\*\*

#### **GRP Police:**

মানব পাচারে অভিযুক্ত বিলোনিয়া থানার অন্তর্গত মতাই স্কুল এলাকা থেকে এক ব্যক্তিকে গতকাল ভোরে গ্রেপ্তার করেছে আগরতলা রেল থানার পুলিশ। থানার ওসি তাপস দাস জানান, গত বছর এনআইএ, গুয়াহাটি ব্রাঞ্চ এই ব্যক্তিকে মানব পাচারের অভিযোগে গ্রেপ্তার করেছিল। একই ব্যক্তিকে আগরতলা রেল থানায় মানব পাচারের মামলায় গ্রেপ্তার করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Inauguration:**

খয়েরপুরের পূর্ব চাম্পামুড়ায় গতকাল "State-Of-The-Art Flour Mill"-এর নবনির্মিত ভবনের দ্বারোদঘাটন করা হয়। উপস্থিত ছিলেন খাদ্য ও জনসংভরণ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক রতন চক্রবর্তী, বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

## তৃতীয় ডিভিশন ফুটবল:

টিএফএ পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল তিনটায় উদ্বোধনী ম্যাচে সরোজ সংঘ খেলবে ইকফাই বিশ্ববিদ্যালয় দলের বিরুদ্ধে। মোট ১৬টি দলকে দুটি গ্রুপে ভাগ করে এই আসর হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র দীপক মজুমদার উপস্থিত থাকবেন। বল-এ পা লাগিয়ে আসরের সূচনা করবেন প্রাক্তন ফুটবলার জন ভট্টাচার্য।

\*\*\*\*\*

## ফুটবল সংস্থা:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের নবগঠিত কমিটির প্রথম গভর্নিং বডি সভা গতকাল সন্ধ্যায় টিএফএ অফিসে অনুষ্ঠিত হয়। সভাপতি প্রণব সরকারের পৌরহিত্যে এই সভায় সংস্থার কাজ পরিচালনার জন্য বিভিন্ন কমিটি গঠন করা হয়। এমধ্যে রয়েছে টিএফএ'র সংবিধান সংশোধন কমিটি, লিগ, নকআউট ও মহিলা কমিটি, পদ্মজং কমিটি, ফিন্যান্স কমিটি ইত্যাদি। সভায় রাজ্যে ফুটবলের উন্নয়ন ও প্রসারে গুরুত্ব আরোপ করা হয়। টিএফএ সচিব অমিত চৌধুরী এখবর জানান।

\*\*\*\*\*

## WEATHER:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে রাজ্যে আকাশ প্রধানত মেঘলা থাকবে। বিভিন্ন এলাকায় বজ্র সহ বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। ধলাই, উনকটি ও উত্তর জেলায় ভারী বর্ষণের

সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রী ও সর্বনিম্ন ২৩ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৮ ডিগ্রী সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৩৬.১ মিলিমিটার ।

\*\*\*\*\*

\*\*\*\*\*